

দ্বিতীয় দফায় দেউলিয়াহের আবেদন স্পিরিটের

- A Monitor Desk Report

Date: 02 September, 2025



ঢাকাঃ সাশ্রয়ী মূল্যে আকাশ পরিষেবার মার্কিন পথপ্রদর্শক স্পিরিট এয়ারলাইনস নিউইয়র্কের আদালতে দেউলিয়াহের আবেদন করেছে, যা এক বছরের মধ্যে দ্বিতীয়বার। এর কারণ হলো প্রথম দফায় পুনর্গঠন প্রক্রিয়ায় এয়ারলাইনসটির আর্থিক ভিত্তি দুটু হয়নি।

গ্লোবালিভিত্তিক সংস্থাটি গত মার্চে প্রথম দফায় আর্থিক সংকট থেকে বেরিয়ে আসে। তখন নগদ সংকট ও বাড়তে থাকা লোকসান মোকাবেলায় বেশকিছু পদক্ষেপ নিতে সক্ষম হয় স্পিরিট।

কোম্পানিটির এপ্রিল-জুন প্রান্তিকের আর্থিক প্রতিবেদনের তথ্য অনুযায়ী, ওই সময় স্পিরিটের নিট লোকসান ছিল প্রায় ২৪ কোটি ৬০ লাখ ডলার। নগদ সংকটের মুখে কিছুদিন আগে এয়ারলাইনস সংস্থাটি জানিয়েছে, তারা সর্বোচ্চ ঋণসীমা ২৭ কোটি ৫০ লাখ ডলারের পুরোটাই ধার করেছে।

স্পিরিট কোম্পানির পুনর্গঠনের জন্য চ্যাপ্টার ইলেভেন সুবিধা নিতে আবেদন করবে এমনটা আগেই ধারণা করা হয়েছিল। কারণ আগস্টের শুরুতে এক সতর্কবার্তায় বলা হয়েছিল, আর্থিক অবস্থার দ্রুত উন্নতি না হলে পরিচালন কার্যক্রম চালানো যাবে না।

এ বিষয়ে স্পিরিট এয়ারলাইনসের সিইও ডেভ ডেভিস জানিয়েছেন, প্রথম পুনর্গঠনে কোম্পানির লক্ষ্য ছিল বাহ্যিক উৎস থেকে নেয়া ঋণ কমানো ও ইকুইটি মূলধন বাড়ানো। এসব লক্ষ্যভিত্তিক উদ্যোগের পর দেখা যায়, ভবিষ্যতে কোম্পানিকে সঠিক অবস্থানে নিতে আরো অর্থ প্রয়োজন।

এদিকে শিল্প বিশ্লেষক ও নির্বাহীরা বলেন, স্পিরিটের সমস্যার মূল কারণ ছিল প্রথমবার দেউলিয়াহের আবেদনকালে অতিরিক্ত খরচের কাঠামো ঠিক করার ক্ষেত্রে ব্যর্থতা। চলতি বছরের দ্বিতীয় প্রান্তিক কোম্পানির মোট পরিচালন ব্যয় ছিল ১২০ কোটি ডলার, যা আয়ের ১১৮ শতাংশের সমতুল্য।

পুনর্গঠনের অংশ হিসেবে কিছু বাজারে উপস্থিতি কমাতে এয়ারলাইনস সংস্থাটি। এছাড়া ঋণ ও লিজ বাধ্যবাধকতা সীমিত করতে বছরে উড়োজাহাজের সংখ্যাও কমবে। এতে পরিচালন খরচ বাবদ বছরে কয়েক কোটি ডলার সাশ্রয় হতে পারে।

স্পিরিট এয়ারলাইনসের আর্থিক সমস্যা প্রতিদ্বন্দ্বীদের জন্য নতুন সুযোগ হিসেবে দেখা দিয়েছে। এরই মধ্যে ফ্রন্টিয়ার এয়ারলাইনস নতুন রুটের ঘোষণা ও রুট আরো বাড়ানোর পরিকল্পনা করছে। বিশ্লেষক ও শিল্প নির্বাহীরা মনে করছেন, ফ্রন্টিয়ার, সাউথওয়েস্ট ও ইউনাইটেড এয়ারলাইনসের মতো সংস্থাগুলো স্পিরিটের সম্পদ কিনতে আগ্রহী হতে পারে।

-B